

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়  
নাচোল, চাঁপাইনবাবগঞ্জ।  
nachol.chapainawabganj.gov.bd

উপজেলা আইসিটি বিষয়ক কমিটির জুলাই/২৩ মাসের সভার কার্যবিবরণী :

সভাপতি : জনাব মোহাইমেনা শারমীন, উপজেলা নির্বাহী অফিসার, নাচোল, চাঁপাইনবাবগঞ্জ।  
তারিখ ও সময় : ২৪.০৭.২০২৩ খ্রি., বিকাল ১২.৩০টা।  
স্থান : উপজেলা নির্বাহী অফিসারের অফিস কক্ষ।  
উপস্থিতি : উপস্থিত সদস্যবৃন্দের তালিকা “ক” তে দেখানো হলো।

সভায় উপস্থিত সকল সদস্যকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করা হয়। অতঃপর জুলাই/২৩ মাসের কার্যবিবরণী সভায় পাঠ করে শুনানো হয় এবং প্রাপ্ত পত্রের নিদর্শনা বাস্তবায়নের লক্ষ্যে বিস্তারিত কার্যক্রম গ্রহণ করা হয়। এছাড়াও ডিজিটাল বাংলাদেশ বিনির্মাণে সবাইকে একসাথে এগিয়ে আসার আহ্বান জানানো হয়। সভায় বিবিধ আলোচনান্তে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়।

ক্রমিক নং	আলোচ্য বিষয়	সিদ্ধান্ত	বাস্তবায়নে
০১	উপজেলা কার্যালয়ের সকল সরকারি দপ্তরের ওয়েব পোর্টাল হালনাগাদের বিষয়ে সিদ্ধান্ত হয়।	ইতোমধ্যে অনেক অফিসের ওয়েব পোর্টাল হালনাগাদ রয়েছে। এবং যেসকল অফিসের ওয়েব পোর্টাল হালনাগাদ নেই তাদেরকে পরবর্তী মাসিক সভার পূর্বেই হালনাগাদ করার নির্দেশনা প্রদান করা হয়।	১। উপজেলা নির্বাহী অফিসার ২। সকল দপ্তর প্রধান ৩। সহকারী প্রোগ্রামার, আইসিটি অধিদপ্তর, নাচোল।
০২	ইনথি/ পেপারলেস অফিস চালুকরণ	ডিজিটাল বাংলাদেশ বিনির্মাণে পেপারলেস অফিস চালুকরণ অতীব জরুরী বিষয় ইফাইলিং বাস্তবায়ন ও ইমেইলের ব্যবহার বৃদ্ধির নির্দেশনা প্রদান করা হয়।	১। উপজেলা নির্বাহী অফিসার ২। সকল দপ্তর প্রধান ৩। সহকারী প্রোগ্রামার, আইসিটি অধিদপ্তর, নাচোল।
০৩	শেখ রাসেল ডিজিটাল ল্যাভ বিষয়ক	সভায় জানানো হয় শেখ রাসেল ডিজিটাল ল্যাভ প্রকল্প-১ হতে নাচোলের বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে ৪ টি শেখ রাসেল ডিজিটাল ল্যাভ রয়েছে। শেখ রাসেল ডিজিটাল ল্যাভ প্রকল্প-২ হতে আরও ৬টি ল্যাভ এবং ০১ টি শেখ রাসেল স্কুল অফ ফিউচার প্রদান করা হয়েছে যা ১৮ই অক্টোবর-২০২২ তারিখে মাননীয় প্রধানমন্ত্রী উদ্বোধন করেন। ল্যাভ সুষ্ঠুভাবে পরিচালনার জন্য সকল ল্যাভপ্রাপ্ত প্রতিষ্ঠানের প্রধানদের নীতিমালা মেনে চলার জন্য নির্দেশনা প্রদান করা হয়।	১। ল্যাভ প্রাপ্ত সকল প্রতিষ্ঠান প্রধান ২। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার ৩। সহকারী প্রোগ্রামার

০৪	স্মার্ট বাংলাদেশ পুরস্কার-২০২৩	সভায় জানানো হয় স্মার্ট বাংলাদেশ পুরস্কার ২০২৩ এর জন্য অনলাইনে(www.award.smartbangladesh.gov.bd) আবেদনপত্র দাখিলের সময়সীমা ২৩ জুলাই হতে ২২ আগস্ট। আগামী ১২ ডিসেম্বর জাতীয়ভাবে পুরস্কার প্রদান করা হবে। স্মার্ট বাংলাদেশ পুরস্কার ২০২৩ আবেদনপত্রের সংখ্যা বৃদ্ধির জন্য ব্যাপকভাবে প্রচারের নির্দেশনা রয়েছে।	১। উপজেলা কৃষি অফিসার ২। সহকারী প্রোগ্রামার ৩। চেয়ারম্যান(সকল)
০৫	সরকারি শিক্ষা প্রতিষ্ঠানদের জাতীয় তথ্য বাতায়নে যুক্ত করণ	সভায় জানানো হয় নাচোল উপজেলার সকল সরকারি শিক্ষা প্রতিষ্ঠানের জাতীয় তথ্য বাতায়নে যুক্ত করার নির্দেশনা রয়েছে।	১। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার ২। সহকারী প্রোগ্রামার ৩। শিক্ষা প্রতিষ্ঠান প্রধান(সরকারি)

অতঃপর আর কোন আলোচনা না থাকায় সকলের সহযোগিতা কামনা করে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।



(মোহাইমেনা শরমীন)  
উপজেলা নির্বাহী অফিসার  
নাচোল, চাঁপাইনবাবগঞ্জ।  
ফোন : ০২৫৮৮৮৯৫৯০১


Email: unonachole@mopa.gov.bd

স্মারক নম্বর : ০৫.৪৩.৭০৫৬.০০০.১৩.৩০০.১৯.-৮১৬৬২

তারিখ ২৪.০৭.২০২৩ খ্রি.

অনুলিপি অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো :

- ১। মাননীয় জাতীয় সংসদ সদস্য ৪৪ চাঁপাইনবাবগঞ্জ-২
- ২। জেলা প্রশাসক, চাঁপাইনবাবগঞ্জ।
- ৩। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, নাচোল।
- ৪। অফিসার ইন-চার্জ, নাচোল থানা।
- ৫। উপজেলা কৃষি/সমাজসেবা/স্বাস্থ্য ও প. প./শিক্ষা/মাধ্যমিক শিক্ষা/উপ-সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য)/পল্লী উন্নয়ন কর্মকর্তা, নাচোল।
- ৬। অফিসার ইন-চার্জ, নাচোল সরকারি কলেজ।
- ৭। অধ্যক্ষ, নাচোল মহিলা ডিগ্রি কলেজ।
- ৮। প্রধান শিক্ষক, নাচোল পাইলট উচ্চ বিদ্যালয়/খ.ম. সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়, নাচোল।
- ৯। সহকারী প্রোগ্রামার, আইসিটি অধিদপ্তর, নাচোল।
- ১০। সভাপতি/সম্পাদক, নাচোল, প্রেস ক্লাব



উপজেলা নির্বাহী অফিসার  
নাচোল, চাঁপাইনবাবগঞ্জ।